

\*\*\* দর্পণের ৪ সে. মি. ও রাহার ৫ সে. মি. মাপের দুইটি কাঠি এবং  $45^\circ$  মাপের একটি প্লাস্টিকের কোণ আছে।

- ক. চিত্রসহ উপর্যুক্ত তথ্যের বিবরণ দাও। ২
- খ. রাহার কাঠিকে ত্রিভুজের ভূমি, কোণটি ভূমি সংলগ্ন কোণ এবং দর্পণের কাঠিটি অপর বাহুদ্বয়ের সমষ্টি হলো ত্রিভুজটি আঁক।  
[অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪
- গ. কাঠি দুটিকে সামান্তরিকের কর্ণ, কোণটি তাদের অন্তর্ভুক্ত কোণ হলে, সামান্তরিকটি আঁক। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪

\*\*\* একটি সমকোণী ত্রিভুজের অতিভুজ ৪ সে.মি. ও এক বাহুর দৈর্ঘ্য ৫ সে. মি.।

- ক. ত্রিভুজটির অপর বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর। ২
- খ. ত্রিভুজটি অঙ্কন কর (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪
- গ. ত্রিভুজটির পরিসীমার সমান পরিসীমাবিশিষ্ট একটি বর্গ অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪

\*\*\* একটি  $\triangle ABC$  এর ভূমি BC এর দৈর্ঘ্য এবং ভূমি সংলগ্ন একটি স্থূল কোণ  $\angle C$  এবং অপর দুই বাহুর অন্তর  $d$  দেওয়া আছে।

- ক. প্রদত্ত উপাত্তগুলোকে চিত্রের মাধ্যমে প্রকাশ কর। ২
- খ. সংক্ষিপ্ত বিবরণসহ ত্রিভুজটি অঙ্কন কর। ৪
- গ. সংক্ষিপ্ত বিবরণসহ ত্রিভুজটির অন্তর্ভুক্ত আঁক। (আলাদাভাবে ত্রিভুজ এঁকে চিত্র আঁকবে। ৪

\*\*\* একটি ত্রিভুজের ভূমি 4 cm ভূমি সংলগ্ন একটি সূক্ষ্মকোণ  $45^\circ$  এবং অপর দুই বাহুর অন্তর 2 cm.

- ক. সংক্ষিপ্ত বিবরণসহ প্রদত্ত তথ্যসমূহ চিত্রে প্রদর্শন কর। ২
- খ. চিত্র অঙ্কন করে বিবরণ দাও। ৪
- গ. ত্রিভুজটির পরিসীমার সমান পরিসীমা বিশিষ্ট একটি বর্গ অঙ্কন কর এবং বিবরণ দাও। ৪

৮। ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য 6 সে.মি. এবং 3 সে.মি. এবং বৃহত্তর বাহুদ্বয়ের অন্তর্ভুক্ত কোণদ্বয় প্রত্যেকটি  $45^\circ$ ।

- ক. সংক্ষিপ্ত বিবরণসহ তথ্যগুলি আঁক। ২
- খ. বিবরণসহ ট্রাপিজিয়ামটি আঁক। ৪
- গ. ট্রাপিজিয়ামটির বৃহত্তম সমান্তরাল বাহুটির সাথে কর্ণের সমন্বয়ে গঠিত ত্রিভুজদ্বয়ের যে কোনটি নিয়ে বিবরণসহ ইহার অন্তর্ভুক্ত আঁক। ৪

\*\*  $\angle B = 60^\circ$ , পরিসীমা = 12 cm,  $\angle C = 45^\circ$ .

- ক. উপরোক্ত তথ্যগুলো পেন্সিল ও কম্পাসের সাহায্যে আঁক। ২



খ.  $\angle B$  ও  $\angle C$  কে ভূমি সংলগ্ন দুটি কোণ এবং 12 সে.মি. কে পরিসীমা ধরে ত্রিভুজটি অঙ্কন করো। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) 8

গ. 12 সে.মি. এর  $\frac{1}{3}$  অংশ = ভূমি, ভূমি সংলগ্ন একটি  $\angle B = 60^\circ$  এর অপর দুই বাহুর সমষ্টি 7.5 সে.মি. হলে, ত্রিভুজটি অঙ্কন করো। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) 8

**\*\*** নিচের তথ্যটি পড় এবং প্রশ্নগুলোর সমাধান লিখ :

সমকোণ ত্রিভুজের একটি বাহু, অতিভুজ ও অপর বাহুর অন্তর  $d$  এবং অপর দুই বাহুর সমষ্টি  $s$  দেওয়া আছে।

ক. সদৃশ ত্রিভুজ বলতে কি বুঝ? চিত্র এঁকে দেখাও। 2

খ. সমকোণ ত্রিভুজের সমকোণ সংলগ্ন একটি বাহু এবং অতিভুজ ও অপর বাহুর অন্তর দেওয়া আছে। ত্রিভুজটি আঁক। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] 8

গ. সমকোণী ত্রিভুজের অতিভুজ 'a' এবং  $s$  কে অপর দুই বাহুর সমষ্টি ধরে ত্রিভুজটি আঁক। [অঙ্কনের বিবরণ আবশ্যিক] 8

**\*\***  $AB = 4$  সে.মি.,  $BC = 5$  সে.মি.,  $\angle A = 80^\circ$ ,  $\angle B = 85^\circ$ ,  $\angle C = 95^\circ$  এবং ABCD চতুর্ভুজ।

ক. ট্র্যাপিজিয়ামের ক্ষেত্রফলের সূত্র লিখ। 2

খ. ABCD চতুর্ভুজটি আঁক এবং বিবরণ দাও। 8

গ. ABCD চতুর্ভুজের পরিসীমার সমান একটি সমবাহু ত্রিভুজ আঁক এবং বিবরণ দাও। 8

**\*\*** সমকোণী ত্রিভুজের অতিভুজ এবং সমকোণ সংলগ্ন এক বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 7 সে. মি. এবং 4 সে. মি. তথ্যগুলোর আলোকে নিচের প্রশ্নগুলোর উত্তর করো।

ক. ত্রিভুজটির অপর বাহুর দৈর্ঘ্য নির্ণয় করো? 2

খ. ত্রিভুজটি আঁক এবং বর্ণনা দাও। 8

গ. একটি বর্গ আঁক যার পরিসীমা ত্রিভুজের পরিসীমার সমান। 8